FRONTEX

BENGALI

ফ্রন্টেক্স (Frontex)-এর কাছে অভিযোগ করার আপনার অধিকার

আপনার মানবাধিকার এবং মৌলিক স্বাধীনতা

আপনার শারীরিক এবং মানসিক অখণ্ডতার প্রতি সম্মান জানানোর, মর্যাদার সাথে আচরণ করার, আশ্রয় পাওয়ার এবং বৈষম্যের শিকার না হওয়ার অধিকার আপনার আছে। ইউরোপীয় আইনে স্বীকৃত মৌলিক অধিকারগুলির মধ্যে এগুলি রয়েছে।

আপনি যদি বিশ্বাস করেন যে ফ্রন্টেক্স (Frontex), ইউরোপীয় সীমান্ত ও উপকূল রক্ষী সংস্থার (European Border and Coast Guard Agency) কোনো কার্যকলাপে আপনার মৌলিক অধিকারগুলি লঙ্ঘিত হয়েছে, তাহলে আপনার অভিযোগ করার অধিকার আছে।

সংস্থাটি ইউরোপীয় ইউনিয়নের (EU) সদস্য দেশগুলিকে ইউরোপীয় ইউনিয়নের বাহ্যিক সীমান্ত নিয়ন্ত্রণে সহায়তা করে। এই কার্যকলাপের সাথে অনেকে ব্যক্তি জড়িত আছেন, যেমন আপনি যখন EU-তে পৌঁছান তখন যে অফিসাররা আপনার তথ্য নিবন্ধন করেন, যে কর্মীরা আপনার আঙুলের ছাপ নেন, দোভাষী, কুকুরের হ্যান্ডলার, ফেরত পাঠানো ব্যক্তিরা তাদের উৎসের মূল দেশে ফেরার সময় প্রহরী হিসাবে তাদের সঙ্গে যাওয়া ব্যক্তি, ডাক্তার এবং সাংস্কৃতিক মধ্যস্থতাকারী। এই সমস্ত ব্যক্তিকে আপনার মৌলিক অধিকারকে সম্মান করতে হবে। অন্যথায়, আপনি সংস্থার কাছে একটি অভিযোগ জমা দিতে পারেন।

কে একটি অভিযোগ জমা দিতে পারেন?

আপনি যদি বিশ্বাস করেন যে সংস্থার কোনো কার্যকলাপের সাথে জড়িত কোনো ব্যক্তি আপনার মৌলিক অধিকারগুলি লঙ্ঘন করছে

তাহলে আপনি একটি অভিযোগ জমা দিতে পারেন, আপনার বয়স যাই হোক না কেন।

অন্য কোনো ব্যক্তি, আইনজীবী বা সংস্থা আপনার প্রতিনিধিত্ব করতে পারে, যারা আপনার পক্ষে অভিযোগ দায়ের করতে পারেন।

আপনি ইউরোপে আপনার প্রশাসনিক পরিস্থিতির (উদাহরণস্বরূপ, আপনার থাকার বৈধ অনুমতি আছে কিনা বা আপনি আশ্রয়ের জন্য আবেদন করছেন কিনা) থেকে স্বাধীনভাবে একটি অভিযোগ জমা দিতে পারেন।

যদি একই কার্যকলাপের দ্বারা একাধিক ব্যক্তি প্রভাবিত হয়ে থাকেন, তাহলে আপনারা একটি যৌথ অভিযোগ জমা দিতে পারেন।

কিভাবে একটি অভিযোগ জমা দেওয়া যায়?

আপনাকে লিখিতভাবে একটি অভিযোগ জমা দিতে হবে এবং আপনার যোগাযোগের বিশদ তথ্য প্রদান করতে হবে। আপনি একটি অভিযোগের ফর্ম ব্যবহার করতে চাইলে সংস্থাটির ওয়েবসাইটে বিভিন্ন ভাষায় একটি ফর্ম পেতে পারেন। আপনি ইমেল বা চিঠির মাধ্যমেও অভিযোগ পাঠাতে পারেন।

অনুগ্রহ করে বর্ণনা করুন যে আপনার অধিকারগুলি কিভাবে লঙ্ঘন করা হয়েছে, কোন অধিকারগুলি লঙ্ঘন করা হয়েছে এবং কোথায় লঙ্ঘন হয়েছে। আপনি যে কোনো সময় আপনার অভিযোগ সম্পর্কে অতিরিক্ত উপাদান পাঠাতে পারেন। সংস্থাটি আরও তথ্যের জন্য আপনার সাথে যোগাযোগ করতে পারে।

আপনি অনলাইনে, ইমেলে বা চিঠির মাধ্যমে আপনার অভিযোগ পাঠাতে পারেন:

ওয়েবসাইট:
https://frontex.europa.eu/fundamental-rights/complaints-mechanism/

ইমেল:
complaints@frontex.europa.eu

ডাক ঠিকানা:
Frontex - European Border and Coast Guard Agency
Fundamental Rights Officer
Plac Europejski 6
00-844 Warsaw
Poland

অভিযোগ পদ্ধতিটি কিভাবে কাজ করে?

সংস্থার মৌলিক অধিকার অফিসার (Fundamental Rights Officer) আপনার অভিযোগ অধ্যয়ন করবেন এবং এটি পরিচালনা করা যেতে পারে কিনা সেই সিদ্ধান্ত নেবেন। অন্যথায়, যখনই সম্ভব হবে, আপনার অভিযোগের অন্যান্য বিকল্প সম্পর্কে আপনাকে জানানো হবে।

অভিযোগগুলি গ্রহণ করার জন্য নির্দিষ্ট মাপকাঠি আছে। আপনি সংস্থাটির ওয়েবসাইটে অভিযোগের পদ্ধতিতে সংস্থার নিয়মাবলীতে সেগুলি খুঁজে পেতে পারেন।

যদি আপনার অভিযোগটি প্রক্রিয়া করা যায় তাহলে এটি সংস্থার এক্সিকিউটিভ ডিরেক্টরের কাছে পাঠানো হবে। যদি EU-এর কোনো সদস্য রাষ্ট্রের কর্মীরা আপনার কেসে জড়িত থাকেন, তাহলে অভিযোগটি সেই সদস্য রাষ্ট্রের কর্তৃপক্ষের কাছেও পাঠানো হবে। এই কর্তৃপক্ষগুলি অনুসন্ধানের ফলাফল প্রদান করার জন্য এবং মৌলিক অধিকার অফিসারের (Fundamental Rights Officer) কাছে রিপোর্ট করার জন্য দায়ী থাকবে, এই মৌলিক অধিকার অফিসার তারপরে আপনার কেসের ফলাফল সম্পর্কে আপনাকে জানাবেন।

কেসটির উপর নির্ভর করে কোনো অভিযোগ প্রক্রিয়া করার প্রয়োজনীয় সময় ভিন্ন হতে পারে। তবে, সংস্থাটি আপনার অভিযোগ কার্যকরভাবে পরিচালনা করা এবং অনুসরণ করার জন্য প্রতিশ্রুতিবিদ্ধ।

আপনার ব্যক্তিগত তথ্য (নাম, যোগাযোগের বিবরণ, ইত্যাদি) উপযুক্ত কর্তৃপক্ষগুলির সাথে ভাগ করে নেওয়া হবে, তবে শুধুমাত্র আপনার সম্মতিতে তা করা হবে, এবং আপনার অভিযোগের তদন্ত ছাড়া অন্য কোনো উদ্দেশ্যে তা প্রক্রিয়া করা হবে না।

আপনি একই সময়ে আপনার মামলাটি জাতীয় আদালতগুলির মতো অন্যান্য প্রতিষ্ঠানের কাছেও উদ্দেশ করতে পারেন, যেগুলিও আপনার অধিকার রক্ষা করতে সাহায্য করতে পারে।

Plac Europejski 6
00-844 Warsaw, Poland
T +48 22 205 95 00
F +48 22 205 95 01

frontex@frontex.europa.eu
www.frontex.europa.eu

© European Border and Coast Guard Agency (Frontex), 2023

Publications Office
of the European Union

FPI 23.0269

PDF:
TT-08-23-011-BN-N
ISBN 978-92-9467-876-8
doi:10.2819/175482